

Total Pages : 6

B.A/5th Sem (G)/BENG/23(CBCS)

2023

5th Semester Examination

BENGALI (General)

Paper : GE 1-T

[CBCS]

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

(শিশু সাহিত্য ও গোয়েন্দা কাহিনি)

বিভাগ - ক

যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। $2 \times 10 = 20$

- ১। সূর্যকুণ্ড থেকে সপ্তাশ্বরথ উঠি আসে তা কে জানত?
- ২। ভীলের পশু শিকার কে বন্ধ করেছিল ও কেন?
- ৩। দুর্ভিক্ষের সময় রাজা গোহ কী করেছিলেন?
- ৪। রাজপুত্রকে কোলে নিয়ে রাণী কী করলেন?
- ৫। 'রাজকাহিনী' গ্রন্থটি কবে, কোথা থেকে প্রকাশিত হয়?

P.T.O.

- ৬। পাহাড়ের ওপরে ভীল রাজ্যের রাজা কে?
- ৭। বুড়ো জাঠ আর রাখাল বালককে খুশি হয়ে পুষ্পবতী কী দিতেন?
- ৮। রাণা কুস্তুর স্ত্রীর নাম কী? তার মন কোথায় পড়ে থাকত?
- ৯। 'সে' গ্রন্থটি কবে, কোথা থেকে প্রথম প্রকাশিত হয়?
- ১০। 'সে' গ্রন্থের দ্বিতীয় গল্পের নাম কী? তার নায়ক কে?
- ১১। 'সে' গ্রন্থে মোট ক'টি গল্প আছে? সেগুলির নাম লেখো।
- ১২। 'সে' গ্রন্থে উল্লিখিত চরিত্রগুলির নাম লেখো।
- ১৩। 'সে' গ্রন্থটির সমকালীন ও সমধর্মী একটি গ্রন্থের নাম ও প্রকাশকাল লেখো।
- ১৪। 'সে' গল্পের 'সে' খিদে পেলে কী কী খাবার ফরমায়েশ করে?
- ১৫। 'সে' গল্পের 'সে'-এর চেহারার বর্ণনা করো।

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। $৫ \times ৪ = ২০$

- ১৬। 'সূর্যের বরপুত্র শিলাদিত্য অস্ত গেলেন' — শিলাদিত্যের এই পরিণতি হল কীভাবে তা বিশ্লেষণ করো।
- ১৭। 'আরে উন্মাদ! কী করলি?' — উন্মাদ কে? সে কী করেছিল?
তার এরূপ আচরণের কারণ কী? $১+১+৩$

১৮। 'আমায় আশ্রয় দাও' — কে, কোথায়, কেন আশ্রয় চাইছে?

১+১+৩

১৯। 'সে' গল্পের চার সংখ্যক গল্প অবলম্বনে পরিবেশ নির্মাণের যে খেয়ালি নৈপুণ্যের পরিচয় মেলে তা আলোচনা করো।

২০। 'সে' গ্রন্থে পুপে দিদির ভূমিকা সংক্ষেপে লেখো।

২১। 'সে' গ্রন্থের ৯ নম্বর কাহিনিটি সংক্ষেপে আলোচনা করো।

বিভাগ - গ

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। $১০ \times ২ = ২০$

২২। 'রাজকাহিনী' গ্রন্থের চিত্রধর্মিতার পরিচয় দাও।

২৩। 'রাজকাহিনী' ইতিহাস নয়, ইতিহাস আশ্রিত রোমান্স' — আলোচনা করো।

২৪। “ 'সে' : শিশুসাহিত্যের ছদ্মবেশে বড়োদের বই” — মন্তব্যটি বিচার করো।

২৫। 'সে' গ্রন্থে হাস্যরস সৃষ্টিতে রবীন্দ্রনাথ ঠাকুরের সার্থকতা বিচার করো।

P.T.O.

(4)

অথবা

(কাব্য)

বিভাগ - ক

যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। $2 \times 10 = 20$

- ১। 'সাবেকী' কবিতাটি কার, কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?
- ২। 'পারাপার' কাব্যটি কবে প্রকাশিত হয়? কাব্যটি কাকে উৎসর্গ করা হয়?
- ৩। 'পারাপার' কাব্যে কয়টি উপবিভাগ আছে? সেগুলির নাম কী?
- ৪। 'তুলসী তলায় দীপ জ্বালে মেজ বৌ' — কোন্ কবিতার অংশ? এর পূর্বের পংক্তিটি লেখো।
- ৫। "তরুণী চোখে সুখ বিদেশী যাত্রীকে খেতে দিতে ভাই যেন এল পৃথিবীতে" — কোন্ কবিতার অংশ? সংক্ষেপে প্রেক্ষিত আলোচনা করো।
- ৬। 'চিত্রা' কাব্যের প্রথম ও শেষ কবিতার নাম লেখো।
- ৭। 'উর্বশী' কবিতায় কবি উর্বশীকে কোন্ কোন্ বিশেষণে বিশেষিত করেছেন?
- ৮। "কী জানি কেমন করে লুকায়ে দাঁড়ালে
একটি ক্ষণিক ক্ষুদ্র দ্বীপের আড়ালে
হে বিশ্বব্যাপিনী লক্ষ্মী।"
— কোন্ কবিতার অংশ? এখানে 'বিশ্বব্যাপিনী লক্ষ্মী' কাকে বলা হয়েছে?

৯। “আমি তব মালধের হব মালাকর”

— কোন্ কবিতার অংশ? উক্তিটি কার?

১০। “আমি কবি তারই তরে আনিয়াছি মালা”

— কোন্ কবিতার অংশ? কবি কার জন্য মালা এনেছেন?

১১। ‘প্রেমের অভিষেক’ কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত? এখানে ‘সম্রাট’ কাকে বলা হয়েছে এবং কে তাকে সম্রাট করেছে?

১২। ‘মনে হল সুখ অতি সহজ-সরল’ — কার লেখা? কোন্ কবিতার অংশ?

১৩। ‘সনেট’ কবিতাটি কার লেখা? কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

১৪। ‘চিত্রা’ কাব্যটি কোন্ সময়পর্বে রচিত? কাব্যটি কবে গ্রন্থাকারে প্রকাশিত হয়?

১৫। ‘চিত্রা’ কাব্যের প্রেমবিষয়ক চারটি কবিতার নাম লেখো।

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। $৫ \times ৪ = ২০$

১৬। ‘চিত্রা’ কাব্যের ‘সুখ’ কবিতাটির নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

১৭। ‘চিত্রা’ কাব্যের ‘এবার ফিরাও মোরে’ কবিতা অবলম্বনে কবির মর্ত্য চেতনার পরিচয় দাও।

P.T.O.

- ১৮। 'চিত্রা' কাব্যের 'স্বর্গ হইতে বিদায়' কবিতার নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।
- ১৯। 'পারাপার' কাব্যের 'মাটি' কবিতায় ছন্দের ব্যবহার সম্পর্কে আলোচনা করো।
- ২০। 'কেঁদেও পাবে না যাকে বর্ষার অজস্র জলাধারে'
— কোন্ কাব্যের, কোন্ কবিতার অংশ? বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩
- ২১। 'ফ্রাইবুর্গের পথে' কবিতাটি কার লেখা? ফ্রাইবুর্গ স্থানটির ভৌগোলিক পরিচয় দাও।

বিভাগ - গ

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

- ২২। 'চিত্রা' কাব্যের প্রাসঙ্গিক কবিতাগুলি আলোচনা করে রবীন্দ্রনাথের জীবনদেবতা তত্ত্বটি বিশ্লেষণ করো।
- ২৩। 'চিত্রা' কাব্যে অবলম্বনে রবীন্দ্রনাথের সৌন্দর্য চেতনার পরিচয় দাও।
- ২৪। 'পারাপার' কাব্যের নামকরণের সার্থকতা বিচার করো।
- ২৫। 'পারাপার' কাব্যে যে আন্তর্জাতিকতা বোধের পরিচয় মেলে তা বিশ্লেষণ করো।
-